121

ভোরের কাগজ

তারিখ 25 JUL 1998
পৃষ্ঠা 7 কলাম 6

# ছাত্রদলও ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুদিনের ধর্মঘট ডেকেছে

**কাগজ প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফি ও বেতন বাড়ানোর প্রতিবাদে ছাত্রদল আগামী ২৬ ও ২৭ জুলাই রবি ও সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ধর্মঘটের ডাক দিয়েছে।

নয়াপল্টনে বিএনপি কেন্দ্রীয় কার্যালয়ে গতকাল ছাত্রদল কেন্দ্রীয় সংসদের ভারপ্রাপ্ত সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টুর সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরি সভায় ঐ আহ্বান জানানো হয়। সভায় বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক সাংসদ আমানউল্লাহ আমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক হাবিব-উন-নবী সোহেল সভা পরিচালনা করেন। সভায় শামীম রেজা রুবেলের হত্যার তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়ে আজ শনিবার বিকাল ৪টায় সিদ্ধেশ্বরী বালুর মাঠ থেকে মহানগর ছাত্রদলের উদ্যোগে বিক্ষোভ মিছিল বের করার সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, ছাত্রদল খালেদা জিয়ার একক ও অবিচল নেতৃত্বের প্রতি আস্থাশীল। ছাত্রদলের মধ্যে কোনো ব্যক্তি বিশেষের নামে বিশেষ কোনো গ্রুপের অস্তিত্ব নেই।